দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 AUG 2015
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ২ ......

# সেনবাগের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান জলাবদ্ধতার কবলে

■ সেনবাগ (নোয়াখালী) সংবাদদাতা

প্রবল বর্ষণের কারণে সেনবাগে গত এক সপ্তাহের বেশি সময় ধরে সৃষ্ট জলাবদ্ধতা ভয়াবহ বন্যায় রূপ নিয়েছে। স্মরণকালের ভয়াবহ এ বন্যায় সেনবাগ পৌরসভাসহ উপজেলার অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ এবং শ্রেণিকক্ষে এখনো পানি রয়েছে। ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম একেবারে বন্ধ রয়েছে।

মঙ্গলবার উপজেলার বাতাকান্দি আদর্শ উচ্চ বিদ্যালয়, কাবিলপুর হাজী মোকসুদুর রহমান মুসলিম উচ্চ বিদ্যালয়, তেহমুহনী আবদুর রশিদ উচ্চ বিদ্যালয়সহ উপজেলার ৩৪টি স্কুল, মাদ্রাসা এবং সেনবাগের তিনটি কলেজ ও ১১৬ প্রাথমিক বিদ্যালয়ের ক্লাশরুমে বন্যার পানি ঢুকে পড়ায় দ্বিতীয় সাময়িক পরীক্ষা ২ আগস্টের পরিবর্তে ১২আগস্ট নির্ধারণ করে উপজেলা প্রশাসন।